

৮। টার্নওভার কর।— (১) করযোগ্য পণ্যের <sup>১</sup>[প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী] বা করযোগ্য সেবা প্রদানকারী কোন ব্যক্তি, যাহার ধারা ১৫ এর অধীন নিবন্ধিত হওয়ার বাধ্যবাধকতা নাই তিনি তাহার বার্ষিক টার্নওভারের <sup>২</sup>[চার শতাংশ] হারে টার্নওভার কর প্রদান করিবেন।

(২) সর্বোচ্চ কি পরিমাণ টার্নওভারের উপর টার্নওভার কর প্রদেয় হইবে তাহা নির্ধারণ, টার্নওভার করদাতাগণের তালিকাভুক্তি, প্রদেয় টার্নওভার কর নিরূপণ ও আদায় পদ্ধতি, নিরূপণের বিরুদ্ধে আপীল, অপরাধ ও দণ্ডসমূহ, পণ্য আটক, ন্যায়-নির্ণয়ণ, বাজেয়াপ্তি ও জরিমানা আরোপ এবং তৎসমূহ সম্পর্কিত আপীল, সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ক্ষমতা, হিসাবরক্ষণ, কম পরিশোধিত বা বকেয়া কর আদায়, ভুলবশতঃ বা অধিক পরিশোধিত কর প্রত্যর্পণ এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

<sup>৩</sup>[(৩) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা এবং যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, উক্ত আদেশে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে, যে কোন পণ্য বা সেবাকে 'টার্নওভার' কর হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।]

<sup>৪</sup>[(৪) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা করিয়া এবং যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, কোন নির্দিষ্ট পণ্য, পণ্যশ্রেণী বা সেবা প্রদানকারীকে বার্ষিক টার্নওভারের পরিমাণ নির্বিশেষে ধারা ১৫ এর আওতায় নিবন্ধিত হওয়া সহ মূল্য সংযোজন কর প্রদানের আদেশ প্রদান করিতে পারিবে।]

<sup>৫</sup>[৮ক। \*\*\*\*\*]

<sup>৬</sup>[৮খ। \*\*\*\*\*]

<sup>৭</sup>[৮গ। \*\*\*\*\*]

<sup>১</sup>। অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬(৬) বলে "প্রস্তুতকারক বা উৎপাদক" শব্দগুলির পরিবর্তে শব্দগুলি প্রতিস্থাপিত।

<sup>২</sup>। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬(৪) বলে "দুই শতাংশ" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

<sup>৩</sup>। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৬) বলে নতুন উপ-ধারা (৩) সংযোজিত।

<sup>৪</sup>। অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭(৪) বলে উপ-ধারা (৩) এর পর নতুন উপ-ধারা (৪) সংযোজিত।

<sup>৫</sup>। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৭ বলে ৮ক বিলুপ্ত।

<sup>৬</sup>। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৮ বলে ৮খ বিলুপ্ত।

<sup>৭</sup>। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৯ বলে ৮গ বিলুপ্ত।